গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
রাজস্ব (এস. এ) শাখা
www.brahmanbaria.gov.bd

নং: ৩১.৪২.১২০০.০১২.০৫.০০৮.২৫. ৫৬৫ তারিখ: ২৯ বৈশাখ ১৪৩৩ / ১২ মে ২০২৬

## ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের অনুমতি প্রাপ্তির আবেদন দাখিলের জন্য বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ঢাকা এর ০৭ এপ্রিল ২০২৬ তারিখের ৩১.০০.০০০০.০৫৭.১১.১৪০.২৩.১৭৭ নং স্মারকে "ভূমিসেবা সহায়তা নির্দেশিকা, ২০২৫" অনুযায়ী নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি ও ব্যবসায়িক প্রতিষ্ঠানের মাধ্যমে নাগরিকদের জনবান্ধব ভূমিসেবা সহায়তা প্রদানের লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়া জেলার ০৯ (নয়) টি উপজেলার ০৩ (তিন) টি পৌরসভা ও ৮৯ (উননব্বই) টি ইউনিয়নসহ মোট ৯২ (বিরানব্বই) টি স্থানে অনুমতিপত্র গ্রহণে আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্দিষ্ট ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে আগামী ১৩/০৫/২০২৬ তারিখ হতে ২৪/০৫/২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (www.brahmanbaria.gov.bd) ওয়েবপেইজ হতে আবেদন ফরম ডাউনলোডপূর্বক যথাযথভাবে পূরণ করে উল্লিখিত ই-মেইলে (adcrbrahmanbaria@mopa.gov.bd) আবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো। আবেদনে উল্লিখিত সকল কাগজাদি স্ক্যান করে পিডিএফ ফরম্যাটে ইমেইলের মাধ্যমে কপি সংযুক্তি আকারে প্রেরণ করতে হবে। হার্ড কপিতে কোনো আবেদন দাখিল করা যাবে না। তবে কোনো কারণে আবেদনকারী কর্তৃক দাখিলকৃত কাগজপত্র কর্তৃপক্ষ দেখতে চাইলে মূলকপি সরবরাহ করতে হবে।

### ব্রাহ্মণবাড়িয়া জেলায় ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের স্থান ও সংখ্যা

| ক্রম | উপজেলার নাম | উপজেলা ভূমি অফিসের নাম | পৌরসভা ও ইউনিয়নের নাম | সংখ্যা | সেবার নাম |
|---|---|---|---|---|---|
| ০১ | ব্রাহ্মণবাড়িয়া সদর | উপজেলা ভূমি অফিস, সদর, ব্রাহ্মণবাড়িয়া | সুহিলপুর, বুধল, নাটাই উত্তর, নাটাই দক্ষিণ, বাসুদেব, মাছিহাতা, ঘাটিয়ারা, মজলিশপুর, রামরাইল, সুলতানপুর | ১০ | ভূমিসেবা সহায়তা কেন্দ্র (ল্যান্ড সার্ভিসেস ফ্যাসিলিটেটিং সেন্টার-এলএসএফসি) |
| ০২ | সরাইল | উপজেলা ভূমি অফিস, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া | শাহবাজপুর, আইরল, মলাইশ, কালীকচ্ছ, পানিশ্বর, চুন্টা | ০৬ | |
| ০৩ | আশুগঞ্জ | উপজেলা ভূমি অফিস, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া | চরচারতলা, আড়াইসিধা, তালশহর, তারুয়া, শরীফপুর, লালপুর, দূর্গাপুর | ০৭ | |
| ০৪ | বিজয়নগর | উপজেলা ভূমি অফিস, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া | চান্দুরা, হরষপুর, বুধন্তী, পাহাড়পুর, ইসলামপুর, সিঙ্গারবিল, পত্তন | ০৭ | |
| ০৫ | আখাউড়া | উপজেলা ভূমি অফিস, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া | আখাউড়া পৌরসভা, আখাউড়া দক্ষিণ, আখাউড়া উত্তর, ধরখার, মোগড়া, তন্তর | ০৬ | |
| ০৬ | কসবা | উপজেলা ভূমি অফিস, কসবা, ব্রাহ্মণবাড়িয়া | কসবা পৌরসভা, কুটি, মেহারী, কায়েমপুর, বায়েক, বিনাউটি, গোপীনাথপুর, বাদৈর, খাড়েরা, কসবা পশ্চিম | ১০ | |
| ০৭ | নবীনগর | উপজেলা ভূমি অফিস, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া | পূর্ব নবীনগর, পশ্চিম নবীনগর, কৃষ্ণনগর, নাটঘর, বিদ্যাকুট, বড়াইল, বীরগাঁও, বিটঘর, শিবপুর, শ্রীরামপুর, জিনোদপুর, লাউরফতেপুর, ইব্রাহিমপুর, সাতমোড়া, শ্যামগ্রাম, রসুল্লাবাদ, বড়িকান্দি, ছলিমগঞ্জ, রতনপুর, কাইতলা দক্ষিণ, কাইতলা উত্তর | ২১ | |
| ০৮ | নাসিরনগর | উপজেলা ভূমি অফিস, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া | কুন্ডা, ভলাকুট, গোয়ালনগর, গোকর্ণ, হরিপুর, পূর্বভাগ, চাপরতলা, গুনীয়াউক, ফান্দাউক, বুড়িশ্বর, ধরমন্ডল | ১১ | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৯ | বাঞ্ছারামপুর | উপজেলা ভূমি অফিস, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া | বাঞ্ছারামপুর পৌরসভা, তেজখালী, পাহাড়িয়াকান্দি, দড়িয়াদৌলত, সোনারামপুর, দড়িকান্দি, ছয়ফুল্লাকান্দি, আইয়ুবপুর, ফরদাবাদ, রূপসদী, ছলিমাবাদ, উজানচর, মানিকপুর, বাঞ্ছারামপুর | ১৪ | |
| | | | মোট- | ৯২ | |

**অনুমতিপত্র প্রাপ্তির ক্ষেত্রে আবেদনকারীর যোগ্যতা:**

১. আবেদনকারীর ন্যূনতম কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং, ডেটা নিরাপত্তা বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। তবে, কম্পিউটার সংশ্লিষ্ট বিষয়ে সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা বা স্নাতক ডিগ্রিধারীদের বা সরকারি অন্যান্য দপ্তরের অনুরূপ সেবাদানকারী প্রতিষ্ঠান পরিচালনাকারীদের অগ্রাধিকার দেওয়া হবে;

২. কেন্দ্রের মোট সহায়তাকারীদের ন্যূনতম এক তৃতীয়াংশ নারী হতে হবে, তবে অনুচ্ছেদ ১ এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন নারী সহায়তাকারী না পাওয়া গেলে এ শর্ত শিথিলযোগ্য হবে;

৩. এই নির্দেশিকার অধীনে নিজ ব্যয়ে এলএসএফসি স্থাপনের ও পরিচালনার আর্থিক ও জনবলগত সক্ষমতা থাকতে হবে;

৪. নিজস্ব ভূমি বা চুক্তিমূলে ন্যূনতম ২ বছর মেয়াদে এলএসএফসি স্থাপনের জন্য অন্যূন মোট ৮০ (আশি) বর্গফুট মেঝে সম্পন্ন স্থাপনা থাকতে হবে;

৫. কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং বিষয়ে জ্ঞানসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার কর্মী নিয়োজিত করতে হবে এবং এ ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন নারী কম্পিউটার কর্মী নিয়োগে অগ্রাধিকার পাবে;

৬. সহায়তাকারী ও তার নিয়োজিত কম্পিউটার কর্মীগণ কোনভাবেই ফৌজদারি অপরাধে এজাহারভুক্ত বা দণ্ডপ্রাপ্ত ব্যক্তি হবেন না;

৭. সহায়তাকারীকে সকল ব্যাংকের মোবাইল ব্যাংকিং বা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের হিসাবভুক্ত হতে হবে;

৮. এলাকাভেদে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স আবশ্যিকভাবে থাকতে হবে;

৯. কেন্দ্রে বিদ্যুৎ সংযোগ ও ন্যূনতম ১০ এমবিপিএস গতি সম্পন্ন ইন্টারনেট কানেক্টিভিটি এবং বিকল্প বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকতে হবে;

১০. সহায়তাকারীর নিজ নামে ও নিজ এনআইডি এর আওতায় প্রয়োজনীয় সংখ্যক মোবাইল সিম থাকতে হবে;

১১. সরকার অনুমোদিত ডিজিটাল তথ্য নিরাপত্তা সংশ্লিষ্ট বিধি বিধানের অধীনে নাগরিকের উপাত্ত (data) সুরক্ষা সক্ষমতা থাকতে হবে;

১২. আবেদনকারীকে আবেদনের সাথে আবেদনে বর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

১৩. আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৪. অনুমতিপত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে নির্বাচিত সহায়তাকারী জেলা প্রশাসকের সাথে নির্ধারিত ফরমে একটি চুক্তিপত্র স্বাক্ষর করবেন। চুক্তি স্বাক্ষরের পূর্বে নির্বাচিত সহায়তাকারী কর্তৃক ইউনিয়ন ও উপজেলা সদরের জন্য ৫০ (পঞ্চাশ) হাজার টাকা এবং পৌর এলাকার জন্য ১ (এক) লক্ষ টাকা ফেরতযোগ্য জামানত প্রদান করতে হবে।

১৫. উপজেলা ভূমি অফিস বা ইউনিয়ন ভূমি অফিস চত্বরে এলএসএফসি কেন্দ্র স্থাপন করা যাবে না।

১৬. অনুমতিপত্রের মেয়াদ কর্তৃপক্ষের স্বাক্ষরের তারিখে হতে ০২ (দুই) বছর মেয়াদি হবে। তবে জেলা প্রশাসক মেয়াদপূর্তির পূর্বে কারণ উল্লেখ করে যে কোনো সময় অনুমতিপত্র বাতিল করতে পারবেন।

১৭. ভূমিসেবা সহায়তা কেন্দ্রের অনুমতি, অনুমতিপত্রের মেয়াদ ও অবসায়ন, আবেদন বাবদ ফি ও নবায়ন বাবদ ফি, সহায়তাকারীর সেবা সহায়তা প্রদান বাবদ ফি, “ভূমি সেবা সহায়তা নির্দেশিকা, ২০২৫” অনুযায়ী প্রতিপালিত হবে।

১৮. নির্ধারিত ২৪/০৫/২০২৬ খ্রি. তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

১২/০৫/২৬

মোঃ আবুসাঈদ
জেলা প্রশাসক
ব্রাহ্মণবাড়িয়া

স্মারক নং: ৩১.৪২.১২০০.০১২.০৫.০০৮.২৫. ৫৬৫(১৩০) তারিখ: ২৯ বৈশাখ ১৪৩৩ / ১২ মে ২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. চেয়ারম্যান (সচিব), ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা
৩. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৪. যুগ্মসচিব, ডিকেএমপি অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসিটি) ও বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া
৬. উপজেলা নির্বাহী অফিসার,............................, ব্রাহ্মণবাড়িয়া (তার অফিসের নোটিশ বোর্ড, ওয়েব পোর্টাল, ফেইসবুকসহ ইত্যাদি মাধ্যমে ব্যাপক প্রচারের অনুরোধসহ)
৭. সহকারী কমিশনার (ভূমি)..............................., ব্রাহ্মণবাড়িয়া (তার অফিসের নোটিশ বোর্ড, ওয়েব পোর্টাল, ফেইসবুকসহ ইত্যাদি মাধ্যমে ব্যাপক প্রচারের অনুরোধসহ)
৮. সহকারী কমিশনার (আইসিটি), ব্রাহ্মণবাড়িয়া (জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
৯. জেলা তথ্য অফিসার, ব্রাহ্মণবাড়িয়া (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
১০. সহকারী প্রোগ্রামার, ব্রাহ্মণবাড়িয়া (জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
১১.প্রশাসক/চেয়ারম্যান..........................,ব্রাহ্মণবাড়িয়া (তার অফিসের নোটিশ বোর্ড, ওয়েব পোর্টালসহ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
১২. অফিস কপি/নোটিশ বোর্ড

১২/০৫/২৬
জেলা প্রশাসক
ব্রাহ্মণবাড়িয়া

বরাবর

জেলা প্রশাসক
ব্রাহ্মণবাড়িয়া

বিষয়: ভূমিসেবায় এলএসএফসি পরিচালনার জন্য অনুমতিপত্র প্রাপ্তির আবেদন।

মহোদয়,

আমি নিম্নস্বাক্ষরকারী.............................ভূমিসেবা সহায়তাকারী হিসাবে এলএসএফসি পরিচালনার অনুমতিপত্র প্রাপ্তির জন্য ছক অনুসারে তথ্য প্রদান করে ও প্রয়োজনীয় কাগজাদি সংযুক্ত করে আবেদন করছি।

| | | |
|---|---|---|
| ১ | আবেদনকারীর নাম:<br>যোগাযোগের ঠিকানা: | |
| | মোবাইল নম্বর: | ইমেইল (যদি থাকে): |

| | | |
|---|---|---|
| ২ | এনআইডি নম্বর: | |
| | ট্রেড লাইসেন্স:<br>টিআইএন:<br>ভ্যাট রেজি. নম্বর: | |
| | কোন ব্যবসায়ী/ পেশাজীবী সমিতির সদস্য হলে তার নাম : | |

| | | |
|---|---|---|
| ৩ | প্রস্তাবিত ভূমিসেবা সহায়তা কেন্দ্রের/ এলএসএফসি'র অবস্থান: | জেলা:<br>উপজেলা/থানা/সার্কেল :<br>ইউনিয়ন/পৌরসভা: |
| | কেন্দ্র উপযোগী স্থাপনা পরিচালনাধীন থাকলে তার বিবরণী: | |
| ৪ | সেবা সহায়তা কেন্দ্রে লোকবল: | ১.কম্পিউটার কর্মী:<br>২.কেন্দ্র ইনচার্জ: |
| ৫ | কেন্দ্রে ব্যবহার্য ডিভাইস: | ১. কম্পিউটারঃ টি<br>২. প্রিন্টারঃ টি<br>৩. ল্যাপটপঃ টি<br>৪. ইন্টারনেট সংযোগের উৎসঃ<br>৫. অভ্যন্তরীণ নিরাপত্তায় ব্যবহৃত যন্ত্রাদিঃ<br>৬. বিদ্যুতের উৎস ও বিকল্প উৎস আছে কি নাঃ<br>৭. অন্যান্য যন্ত্রাদি (নামসহ উল্লেখ করুন) |
| ৬ | নাগরিকের সুবিধাদি (সংক্ষেপে উল্লেখ করুন); | |
| ৭ | নাগরিকের তথ্য ও রেকর্ড সুরক্ষার পরিকল্পনা (সংক্ষেপে উল্লেখ করুন): | |
| ৮ | জরুরি যোগাযোগে বিকল্প ব্যক্তির নাম, ইমেইল ও মোবাইল নম্বর: | |

উপরের সকল তথ্য সঠিক। এ সব তথ্য বিবেচনা করে অনুমতিপত্রধারী হিসাবে নিয়োগ প্রাপ্ত হলে নির্দেশিকার সকল শর্ত মেনে চলবো এবং দেশে বলবৎ আইন ও সরকারের আইনগত আদেশ প্রতিপালন করবো।

নামসহ স্বাক্ষর
ঠিকানা (মোবাইল নম্বরসহ)
তারিখ:

সংযুক্তি:
ক) ট্রেড লাইসেন্স
খ) টিআইএন ও ভ্যাট রেজিস্ট্রেশনের সনদ (যদি থাকে)
গ) আবেদনকারীর ২ (দুই) কপি ছবি
ঘ) এনআইডি'র কপি
ঙ) স্থাপনার মালিকানার দলিল বা চুক্তিনামা।